ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৭৭

খোয়াই, ৪ নভেম্বর, ২০২৫

**কৃষকদের আধুনিক কৃষি যন্ত্রপাতির ব্যবহার এবং বৈজ্ঞানিক পদ্ধতির মাধ্যমে কৃষিজ উৎপাদন বৃদ্ধি করার আহ্বান জানান কৃষিমন্ত্রী**

আজ তুলাশিখর বাজারে তুলাশিখর প্রাইমারি রুরাল মার্কেটের শিলান্যাস করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ রাজ্যের কৃষকদের আধুনিক কৃষি যন্ত্রপাতির ব্যবহার এবং বৈজ্ঞানিক পদ্ধতির মাধ্যমে কৃষিজ উৎপাদন বৃদ্ধি করার আহ্বান জানান। দ্বিতল বিশিষ্ট এই রুরাল মার্কেট নির্মাণে ব্যয় হবে ৫ কোটি ৭২ লক্ষ ৯৬ হাজার টাকা।

অনুষ্ঠানে আলোচনায় কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেন, দেশের খাদ্য নিরাপত্তার জন্য আমাদের সকলকে কৃষকদের উপরই নির্ভর করতে হয়। তিনি আধুনিক যন্ত্রপাতি ও বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে কৃষিজ উৎপাদন বৃদ্ধির করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বর্তমানে রাজ্যে ৫৫৪টি বাজার রয়েছে। এরমধ্যে পাইকারী বাজার ৮৪টি, ২১টি এগ্রি প্রডিউসিং মার্কেট এবং ৪৭০টি রুরাল প্রাইমারি মার্কেট রয়েছে। ইতিমধ্যে খোয়াই জেলায় ১৪টি বিভিন্ন বাজার নির্মাণে ৩০ কোটি ৮২ লক্ষ টাকা ব্যয় হবে। আরও প্রায় ১৭ কোটি টাকার প্রকল্প আগামীদিনে বাস্তবায়িত হবে। বর্তমান রাজ্য সরকার শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের পাশাপাশি পানীয়জলের ব্যবস্থা, কৃষি, বিদ্যুৎ, আবাসন প্রভৃতি ক্ষেত্রেও সমান জোড় দিচ্ছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, আগামীদিনে তুলাশিখর ব্লক এলাকার বাজারগুলির উন্নতিকরণে আরও অর্থ বিনিয়োগ করা হবে। ব্লক এলাকার কৃষকদের সুবিধার্থে জলসেচ ব্যবস্থার উন্নতিকরণে করা হবে। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন টিটিএএডিসি'র খোয়াই জোনালের চেয়ারম্যান বিশু দেববর্মা, টিটিএএডিসি'র বন দপ্তরের প্রধান আধিকারিক জীবন দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তুলাশিখর এগ্রি স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান অমিত দেববর্মা এবং স্বাগত বক্তব্য রাখেন সংশ্লিষ্ট দপ্তরের অধিকর্তা ফনিভূষণ জমাতিয়া।

*******